# B.A. Semester-III Examination, 2022-23

## বাংলা [ অনার্স ]

**Course ID : 30114 Course Code : AH/BNG/304/GE-3**

**Course Title : ভাষার ইতিহাস : ঐতিহাসিক ভাষাবিজ্ঞান**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত বিস্তারসীমা উল্লেখ করো।

খ) প্রাচীন ভারতীয় আর্যভাষায় স্বরধ্বনির গুণগত পরিবর্তনের তিনটি ক্রম উল্লেখ করো।

গ) প্রাচীন ভারতীয় আর্যভাষায় ক্রিয়াপদের কতগুলি কাল প্রচলিত ছিল?

ঘ) ধ্রুপদী সংস্কৃত ভাষায় রচিত একটি সাহিত্যিক নিদর্শনের উল্লেখ করো।

ঙ) 'উদীচ্য' কোন্ আর্যভাষার কথ্যরূপের নিদর্শন? এটি কোন্ অঞ্চলে দেখা গেছে?

চ) পালি ভাষা কোন্ স্তরের ভারতীয় আর্যভাষার নিদর্শন?

ছ) মধ্যভারতীয় আর্যভাষার প্রথম স্তরের চারটি আঞ্চলিক রূপ বা উপভাষাগুলির উল্লেখ করো।

জ) বঙ্গালী উপভাষার একটি ধ্বনিতাত্ত্বিক এবং একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

(পরের পাতায়)

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার বিবর্তনের ইতিহাস সম্পর্কে লেখো।

খ) অপভ্রংশ এবং শৌরসেনী ভাষা মধ্যভারতীয় আর্যভাষার কোন্ স্তরে দেখা যায়? মধ্যভারতীয় আর্যভাষার এই স্তরের আঞ্চলিক রূপ এবং সাহিত্যিক নিদর্শনের পরিচয় দাও।

গ) আদিমধ্য যুগের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ সংক্ষেপে লেখো।

ঘ) হস্ত>হত্থ>হাত এটি কোন্ স্তরের আর্যভাষার ভাষাতাত্ত্বিক বিবর্তনের নিদর্শন? এই স্তরের আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আধুনিক বাংলা ভাষার সূত্রপাত এবং ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

খ) মধ্য ভারতীয় আর্যভাষার সাহিত্যিক নিদর্শনগুলি উল্লেখ করে, এর আঞ্চলিক রূপগুলির বিশদ পরিচয় দাও।

গ) নব্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক এবং রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

ঘ) উপভাষা কাকে বলে? উদাহরণসহ রাঢী ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

———————